139

তারিখ ... 18 MAR 1994
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# রামগড় থানায় ৮টি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান বন্ধ

রামগড় সংবাদদাতা ।। পার্বত্য অঞ্চল রামগড় সদর থানার ৪১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৮টি বিদ্যালয়ে গত ৬।৭ বছর যাবৎ পাঠদান বন্ধ রহিয়াছে এবং কয়েকটি বিদ্যালয়ে স্থান সংকুলান ও আসবাবপত্রের অভাবে পাঠদানে বিঘ্ন ঘটিতেছে। রামগড় থানার দাতারামপাড়া, পাগলাপাড়া, ডেমরম হেডম্যান-পাড়া, বেলছড়িপাড়া, তৈচাকমা-পাড়া, নিউ তৈচালাপাড়া, নাক্রাই এবং কুকিছড়াপাড়া প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন যাবৎ বন্ধ। উল্লেখিত বিদ্যালয়গুলি বন্ধ হওয়ার কারণ সম্পর্কে থানা শিক্ষা অফিসার জানান, দীর্ঘদিন যাবৎ এলাকার বিভিন্ন স্থানে শান্তি-বাহিনীর সহিংস কার্যকলাপের ফলে এলাকার জনসাধারণ বিভিন্ন স্থানে আশ্রয় গ্রহণ করে। নিরাপত্তার অভাবেই এই ৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান বন্ধ রহিয়াছে। রক্ষণাবেক্ষণের অভাবে এইসব স্কুলের স্কুল ঘর ধসিয়া গিয়াছে এবং আসবাবপত্র বিনষ্ট অথবা চুরি হইয়াছে। ১০ বছর পূর্বে রামগড়ের অংলা-চিক্বিরাই-পাড়া আদর্শ গ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাঁচা ঘরটি ঝড়ে ভাঙ্গিয়া যায় এবং পরে শান্তি-বাহিনী কর্তৃক সৃষ্ট গোলযোগের কারণে আদর্শ গ্রামের জনগণ নিরাপদ স্থানে গুচ্ছ গ্রামে আশ্রয়

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## পাঠদান বন্ধ

(৩য় পৃঃ পর)

নেয়। ফলে বিদ্যালয়ে পাঠদান বন্ধ হইয়া যায়।

চলতি শিক্ষা বছরে নামসর্বস্ব একটি কাঁচাঘর নির্মাণ করিয়া আদর্শ গ্রাম বিদ্যালয়ের কাজ চলিতেছে; কিন্তু আসবাবপত্র নাই। ইহাছাড়া চানপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি '৯১-এর প্রচণ্ড ঘূর্ণিঝড়ে ধসিয়া যায়। বিভিন্ন কারণে বৈদ্যপাড়া, ছোটখেদা, চাঁনপাড়া যৌথ খামার, নিউ জালিয়াপাড়া, তৈফর্মা সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলি নিরাপদ স্থানে স্থানান্তরিত হইয়া বিদ্যালয়ের কাজ চলিতেছে বলিয়া রামগড় থানা শিক্ষা অফিসার জানান।

রামগড় শহরের চৌধুরীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়। গর্জনতলি, সুকেন্দ্রাইপাড়া এবং রামগড় বালক প্রাথমিক বিদ্যালয়ে স্থানাভাব ও আসবাবপত্রের অভাব প্রকট। বিশেষ করিয়া চৌধুরীপাড়া বিদ্যালয়ে ছোট্ট একটি আধাপাকা মাত্র ৩ কক্ষ বিশিষ্ট স্কুলে ১ম শ্রেণী হইতে ৫ম শ্রেণী পর্যন্ত ৫২০ জন ছাত্র-ছাত্রীর ক্লাশ চলিতেছে। দুইজন মহিলা সহ নয়জন শিক্ষক রহিয়াছেন। প্রধান শিক্ষক জানান, বর্ষা মৌসুমে টিনের চাল দিয়া বৃষ্টির পানি পড়ে। ফলে ক্লাশ চালানো সম্ভব হয় না।

এই স্কুলে ছাত্রের সংখ্যা অনুসারে ক্লাশ রুম ও আসবাবপত্র নাই। উল্লেখ্য, সুকন্দ্রাই সরকারী প্রাথমিক বিদ্যালয়টি স্বাধীনতা যুদ্ধের সময় পাক বাহিনীর দোসররা পোড়াইয়া দেওয়ার পর নামসর্বস্ব ছোট্ট একটি ঘর নির্মিত হইলেও ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে শ্রেণীকক্ষ ও আসবাবপত্র নাই।